**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

এফই সার্কুলার নং-৪২

তারিখ ঃ ১১ কার্তিক ১৪২৬ / ২৭ অক্টোবর ২০১৯

সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

গেঞ্জি রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, এফই সার্কুলার নং ০৮, তারিখ ০৮ জুন, ২০১১ এ নগদ সহায়তার জন্য প্রযোজ্য হস্তচালিত তাঁত বস্ত্রের তালিকা সন্নিবেশিত রয়েছে। সরকারি সিদ্ধান্ত অনুযায়ী আলোচ্য তালিকায় গেঞ্জি অন্তর্ভুক্ত হবে। চলতি ২০১৯-২০২০ অর্থবছরে (জুলাই ০১, ২০১৯ হতে জুন ৩০, ২০২০ তারিখ পর্যন্ত জাহাজীকৃত) দেশীয় বস্ত্র রপ্তানি খাতে প্রযোজ্য বিকল্প নগদ সহায়তার ন্যায় আলোচ্য খাতে ৪% হারে নগদ সহায়তা পরিশোধ্য হবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ খুরশীদ ওয়াহাব)
মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৩০১২৩